



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www. Sylhetboard.gov.bd, sylvhschoolsection.@gmail.com



স্মারক নং : সিশিবো/বিদ্যা/মাধ্য/রেজিঃ/নবম/ ২০২১/৭৭৪

তারিখঃ ৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (online) রেজিস্ট্রেশন করণ ও ফি প্রদান প্রসঙ্গে।

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

## নির্দেশাবলীঃ

- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ওয়েব সাইটে e-SIF লিংকে Log in করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে;
- রেজিস্ট্রেশনের জন্য বিগত বছরের এস. এস. সি. ফরম পূরণের জন্য প্রয়োজ্য log in password ব্যবহার করতে হবে;
- শিক্ষার্থীদের ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload হয়ে না যায়;
- রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় “সোনালী সেবার” মাধ্যমে জমা দিতে হবে;
- যেহেতু বিলম্ব ফি দিয়ে অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ নেই তাই নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- অনলাইনে রেজিস্ট্রেশন শুরুর তারিখঃ ২১/০৯/২০২১ খ্রি.  
শেষ তারিখঃ ২২/১০/২০২১ খ্রি.
- ব্যাংকে টাকা জমাদানের তারিখঃ ২৪/১০/২০২১ তারিখের মধ্যে
- নিশ্চায়নের (Finalization) তারিখঃ ৩০/১০/২০২১ খ্রি.
- রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতওয়ারী ফি এর হার নিম্নরূপঃ

১. রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)-----	৬৫.০০
২. ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
৩. রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি)-----	১৫.০০
৪. অন্ধকল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৫. বয় স্কাউট/গার্লস গাইড ফি -----	১৫.০০
৬. বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৭. বি এন.সি.সি ফি (শিক্ষার্থী প্রতি) -----	০৫.০০
৮. উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) -----	৫০.০০
৯. জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) -----	৩০০.০০

\*\* শিক্ষার্থী প্রতি সর্বসোট ২১০/(দুইশত দশ) টাকা।

উল্লেখ্য, ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের মূলকপি ও e-SIF মূল প্রিন্ট কপি (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে; বোর্ডে জমা দিতে হবে না।

বিঃদ্রঃ স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক রেজিস্ট্রেশনের কাজ সম্পাদনের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়া করোনা পরিস্থিতি বিবেচনায় বোর্ড কর্তৃপক্ষ উপরোক্ত সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

প্রাপক: অধ্যক্ষ / প্রধান শিক্ষক  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়  
ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়(সরকারি ও বেসরকারি)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট



অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক কর্পোরেট শাখা, সিলেট।
২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৪. জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

(মোঃ জাহাঙ্গীর আলম)

সহকারি বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।